



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/11/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল জানুয়ারিতে নিউ ইয়র্কবাসীকে খাদ্য সহায়তা প্রদানের জন্য অতিরিক্ত
230 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

সব SNAP পরিবার সর্বোচ্চ মাত্রার খাদ্য সহায়তা পাবে

*দৈনন্দিন চাহিদা মেটাতে 2.77 মিলিয়নের বেশি নিউ ইয়র্কবাসী সম্পূরকের উপর নির্ভর
করে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে সম্পূরক পুষ্টি সহায়তা কর্মসূচির
(Supplemental Nutrition Assistance Program, SNAP) তালিকাভুক্ত সকল নিউ ইয়র্কবাসী
জানুয়ারি মাসে অনুমোদিত সর্বোচ্চ মাত্রার খাদ্য সহায়তা পাবে। SNAP-এ অংশগ্রহণকারী
সকল গৃহস্থালি, ইতিমধ্যে যারা সর্বোচ্চ সুবিধা পাচ্ছে তারা সহ, এই মাসেই একটি অতিরিক্ত
সম্পূরক বরাদ্দ পাবে, যা স্টেটের অর্থনীতিতে প্রায় 230 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল
তহবিল আনবে।

"আমরা যখন মহামারীর কাঠিন্য সহ্য করে যাচ্ছি, অনেক বেশি নিউ ইয়র্কবাসী দৈনন্দিন চাহিদা
মেটাতে হিমশিম খাচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "এই অতিরিক্ত খাদ্য সুবিধা পুরো স্টেটে খাদ্য
অনিরাপত্তা দূর করার ক্ষেত্রে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। যখন ঠাণ্ডা
আবহাওয়া পরিবারের বাজেটে চাপ সৃষ্টি করছে, তখন এই অতিরিক্ত SNAP তহবিল অতি
প্রয়োজনীয় ত্রাণ প্রদান করবে।"

জরুরি সহায়তা সম্পূরক এমন গৃহস্থালিকে প্রদান করা হয় যারা সাধারণত প্রতিমাসে সর্বোচ্চ
অনুমোদিত পর্যায়ের SNAP সুবিধা পায় না, SNAP একটি ফেডারেল অর্থায়িত কর্মসূচি যার
তত্ত্বাবধান করে অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স (Office of
Temporary and Disability Assistance, OTDA)। যেসব গৃহস্থালি ইতিমধ্যে সর্বোচ্চ পর্যায়ে বা
তার কাছাকাছি সুবিধা পাচ্ছে, যা হলো চার সদস্যের গৃহস্থালির জন্য 835 মার্কিন ডলার, তারা
কমপক্ষে 95 মার্কিন ডলারের একটি সম্পূরক অর্থ পাবে।

নিউ ইয়র্ক সিটির বাইরের কাউন্টিগুলিতে SNAP গৃহস্থালি এই সুবিধা পাবে 12 জানুয়ারি, বুধবার
থেকে 21 জানুয়ারি, শুক্রবার, দিন শেষের আগে। পাঁচ-কাউন্টি নিউ ইয়র্ক সিটি অঞ্চলের SNAP
গৃহস্থালি তাদের সুবিধা পাবে 15 জানুয়ারি, শনিবার থেকে এই মাস শেষ হওয়ার পূর্বে।

কোভিড-19 মহামারী নিত্যদিনের জীবনযাত্রাকে প্রভাবিত করা অব্যাহত থাকায় সমস্যার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীরা ব্যাপকভাবে SNAP-এর উপর নির্ভরশীল হয়ে আছেন। 2020 সালের মার্চ মাসে মহামারী শুরুর পর প্রথম মাসগুলিতে, নিউ ইয়র্ক SNAP তালিকায় লক্ষণীয় পরিমাণ বৃদ্ধি দেখেছে।

প্রাথমিক এই বৃদ্ধি টিকে আছে, এবং প্রাপক সংখ্যা প্রাথমিক বিস্তারের পরপর যেখানে ছিলো সেখানেই আছে, যা প্রাক-মহামারী মাত্রার থেকে উল্লেখযোগ্য পরিমাণ বেশি। 2021 সালের নভেম্বর পর্যন্ত, প্রায় 1.6 মিলিয়ন গৃহস্থালির মোট 2.77 মিলিয়ন নিউ ইয়র্কবাসী SNAP সুবিধা পাচ্ছে।

OTDA-র ভারপ্রাপ্ত কমিশনার ড্যানিয়েল ডব্লিউ টিয়েটজ বলেন, "নিউ ইয়র্কের গৃহস্থালিসমূহের জন্য এই খাদ্য সুবিধা কী ভীষণ প্রভাব ফেলেছে তা বলে শেষ করা যাবে না। মহামারী শুরু হওয়ার পর থেকে SNAP গৃহস্থালিগুলি যেই অতিরিক্ত সুবিধা পেয়েছে তা লাখ লাখ নিউ ইয়র্কবাসীকে খাদ্য অনিরাপত্তা এড়াতে সাহায্য করেছে এবং চলমান জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময়ে তাদের চাহিদা মেটাতে সাহায্য করেছে।"

আগের মাসগুলিতে, পেমেন্টগুলি সরাসরি প্রাপকের বর্তমান ইলেকট্রনিক বেনেফিট ট্রান্সফার অ্যাকাউন্টে প্রদান করা হয়েছিল এবং যা বর্তমান EBT কার্ড দিয়ে অ্যাক্সেস করা যেতে পারে। নিয়মিত SNAP সুবিধাগুলির মত, পরিপূরণকারী সুবিধাগুলিকে অনুমোদিত রিটেইল খাবারের দোকান থেকে খাবার কেনার কাজে ব্যবহার করা যেতে পারে। যেকোনো অব্যবহৃত SNAP সুবিধা স্বয়ংক্রিয়ভাবে পরের মাসে যোগ হবে।

এছাড়াও SNAP সুবিধা নিউ ইয়র্কের অর্থনৈতিক পুনরুদ্ধারে জরুরি ভূমিকা রাখে, কারণ মার্কিন অর্থনীতিতে SNAP-র প্রভাব পরিমাপক একটি [ফেডারেল গবেষণা](#) অনুযায়ী, বিনিয়োগ করা প্রতিটি ফেডারেল ডলার 1.54 ডলার অর্থনৈতিক কর্মকাণ্ড সৃষ্টি করে। গবেষণায় এটিও দেখা গেছে যে নতুন SNAP সুবিধায় 1 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা হলে তা দেশব্যাপী প্রায় 13,560 কর্মসংস্থানকে সমর্থন করে।

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলির উত্তরসহ জরুরি সম্পূর্ণক SNAP সুবিধাসমূহ সম্পর্কে আরো তথ্য এখানে পাবেন। mybenefits.ny.gov ওয়েবসাইটে গিয়ে নিউ ইয়র্কবাসীরা SNAP-এর জন্য তাদের উপযুক্ততা যাচাই করতে পারবেন এবং অনলাইনে আবেদন করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418